বঙ্গবন্ধুর সোনার বাংলা গড়তে সরকার অক্লান্ত পরিশ্রম করে যাচ্ছে : পুলিশ সুপার

চেম্বার ডেস্ক:: সিলেট জেলা পুলিশ সুপার মোহাম্মদ ফরিদ উদ্দিন (পিপিএম) বলেছেন, বঙ্গবন্ধুর সোনার বাংলা গড়তে চাই উন্নত ও সমৃদ্ধ বাংলাদেশ। এ লক্ষ্যে বর্তমান সরকার অক্লান্ত পরিশ্রম করে যাচ্ছে।

ওসমানীনগর উপজেলা ‘নূতন জীবন কাস্টার কমিউনিটি সোসাইটি’ (এনজেসিসিএস)-এর অফিস ভবনের উদ্বোধন ও মতবিনিময় সভায় প্রধান অতিথির বক্তব্যে পুলিশ সুপার এ কথা বলেন।

বুধবার (২ ডিসেম্বর) সকাল ১১টায় সোশ্যাল ডেভেলপমেন্ট ফাউন্ডেশন (এসডিএফ) সহযোগিতায় তাজপুরস্থ কদমতলা মাদ্রাসা মাঠে অনুষ্ঠিত এ সভায় পুলিশ সুপার মোহাম্মদ ফরিদ উদ্দিন আরো বলেন, ওসমানীনগর একটি আলোকিত জনপদ। এখানে অনেক আলোকিত মানুষের জন্ম হয়েছে। তার মধ্যে পিয়ার হোসেনও একজন। এ এলাকাকে পরিবর্তন করতে তিনি অক্লান্ত পরিশ্রম করে যাচ্ছেন। তা সব সময়ই অব্যাহত রাখার জন্য আমি পুলিশ প্রশাসনের পক্ষ থেকে এসডিএফকে অনুরোধ জানাচ্ছি।

তিনি মায়েদের প্রতি উদ্দেশ্য করে বলেন, আপনারা সব সময় প্রশাসনকে যে কোনো বিষয়ে অবগত করতে পারেন। যাতে কোনো মায়েরা নির্যাতনে শিকার না হন। সব সময় আপনাদের পাশে আমাদের পুলিশ বাহিনী আছে এবং থাকবে।

ডিস্ট্রিক কো-অর্ডিনেটার, এসডিএফ সিলেটের সভাপতি মো. শরিফুল আজাদের সভাপতিত্বে ও সিলেট জেলা কর্মকর্তা সৈয়দ আল মামুনের পরিচালনায় সভায় প্রধান বক্তার বক্তব্য রাখেন গ্যাস ফিল্ডস লিমিটেড সিলেটের পরিচালক সৈয়দ এপতার হোসেন পিয়ার।

বিশেষ অতিথির বক্তব্য রাখেন সিলেট ওসমানীনগর সার্কেল অতিরিক্ত পুলিশ সুপার মোহাম্মদ রফিকুল ইসলাম, সিলেট ওসমানীনগর উপজেলা আওয়ামীলীগের সভাপতি আতাউর রহমান, ওসমানীনগর থানার ওসি শ্যামল বনিক, জেলা ডিবি দক্ষিণের ওসি আশীষ মৈত্র প্রমুখ।

এছাড়াও সভায় এসডিএফের গ্রাম্য সভাপতি ও কর্মকর্তা-কর্মচারীবৃন্দ উপস্থিত ছিলেন।